যুগান্তর

তারিখ: 12 JAN ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা সচিব শহীদুল আলম বিয়ামের ডিজি হিসেবে অতিরিক্ত দায়িত্ব পেলেন

যুগান্তর রিপোর্ট

প্রশাসনে বিভিন্ন পর্যায়ে রদবদল ও নিয়োগ অব্যাহত রয়েছে।

শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমকে বাংলাদেশ ইন্সটিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনের মহাপরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব দেয়া হয়েছে।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব সৈয়দ গোলাম কিবরিয়াকে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব পদে বদলি করা,

শিক্ষা সচিব : পৃষ্ঠা : ২ কলাম : ৭

## শিক্ষা সচিব : দায়িত্ব

(শেষ পৃষ্ঠার পর)

হয়েছে।

চুক্তিভিত্তিক নিয়োজিত অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব মোঃ সাইফউদ্দিনকে পানি সম্পদ মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব পদে বদলি করা হয়েছে।

পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আজিজুল ইসলামকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব পদে বদলি করা হয়েছে।

এদিকে নোয়াখালীর জেলা পরিষদের সচিব মোঃ আবু তালেবকে চট্টগ্রাম ওয়াসার সদস্য (অর্থ), যুব উন্নয়ন অধিদফতরের উপ-পরিচালক মোঃ বেদার হোসেনকে চট্টগ্রাম ওয়াসার সদস্য (প্রশাসন) হিসেবে বদলি করা হয়।

অন্যদিকে বগুড়ার জেলা প্রশাসক আফিজউদ্দিন আহমেদকে জেলা থেকে প্রত্যাহার করা হয়েছে। একই সঙ্গে তাকে অবিলম্বে বর্তমান কর্মস্থলের দায়িত্বভার জেলার সিনিয়র অতিরিক্ত জেলা প্রশাসকের কাছে হস্তান্তর করে নতুন কর্মস্থলে যোগদান করার জন্য সংস্থাপন মন্ত্রণালয় থেকে নির্দেশ দেয়া হয়েছে।